

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড

(ইন্টারকন্টিনেন্টাল ঢাকা-এর স্বত্বাধিকারী)

১ মিনিট রোড, ঢাকা-১০০০

প্রাক-যোগ্যতার শর্তাবলী

১। শুধুমাত্র নিম্নবর্ণিত বিষয়ের উপর অভিজ্ঞ শিল্পী বাছাই করা হবেঃ


- ❖ ছবির বিষয়বস্তুঃ
 - (ক) বাংলাদেশের ষড়ঋতু
 - (খ) বাংলাদেশের ফুল/পাখী
 - (গ) বাংলাদেশের লোকসংস্কৃতি
- ❖ চিত্রকর্মের মাধ্যমঃ
 - (ক) জলরং
 - (খ) তেলরং
 - (গ) অ্যাকরিলিক

- ২। একজন প্রার্থী উপরে উল্লেখিত এক বা একাধিক বিষয় ও মাধ্যমে চিত্রকর্ম জমা দেওয়ার জন্য আবেদন করতে পারবেন।
- ৩। একজন প্রার্থী যে সকল বিষয়ে ও মাধ্যমে চিত্রকর্ম জমা দিতে আগ্রহী, সে সকল বিষয়ে একটি করে চিত্রকর্ম নমুনা হিসেবে জমা প্রদান করতে হবে, যা বিশেষজ্ঞ কমিটি কর্তৃক যাচাই-এর পর ফেরত দেয়া হবে।
- ৪। আবেদনকারীদের দাখিলকৃত চিত্রকর্ম ও পোর্টফোলিওসমূহ বিশেষজ্ঞ কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক সংক্ষিপ্ত তালিকা প্রস্তুত করা হবে।
- ৫। সংক্ষিপ্ত তালিকাভুক্ত প্রার্থীদেরকে পরবর্তীতে ছবির বিষয়, মাপ, সংখ্যা, স্পেসিফিকেশন, জমা দেওয়ার সময়সীমা, ইত্যাদি বিষয় অবহিত করা হবে।
- ৬। বিশেষজ্ঞ কমিটি কর্তৃক নির্ধারিত মূল্যে ও নির্দিষ্ট সময়ের মধ্যে চিত্রকর্ম সরবরাহে সম্মত হতে হবে।
- ৭। দাখিলকৃত চিত্রকর্ম বিশেষজ্ঞ কমিটি কর্তৃক গ্রহণযোগ্য মানের বলে বিবেচিত না হলে তা ফেরত দেওয়া হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে উক্ত চিত্রকর্মসমূহ ফেরত না নিলে কর্তৃপক্ষ চিত্রকর্ম রক্ষণাবেক্ষণের দায়ভার গ্রহণ করবে না।
- ৮। আগ্রহী প্রার্থীদেরকে তাদের পোর্টফোলিও ১৫/১০/২০১৭ হতে ১৯/১০/২০১৭ তারিখের মধ্যে কর্মদিবসে সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারী বরাবরে নিম্নোল্লিখিত ঠিকানায় সরাসরি বা ডাকযোগে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন নং -৩ (৫ম তলা)
প্রাক্তন রূপসী বাংলা হোটেল-এর পেছনে
১, মিনিট রোড, ঢাকা-১০০০

৯। নির্ধারিত তারিখ ও সময়ের পর কোন আবেদন গ্রহণযোগ্য নয়।

১০। কর্তৃপক্ষ যে কোন কারণে এই ক্রয় প্রক্রিয়া পরিবর্তন/পরিমার্জন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে।


(মোঃ আবুল মনসুর)

সচিব (যুগ্মসচিব)

বাংলাদেশ সার্ভিসেস লিমিটেড